জেলা পরিষদ কার্যালয়
সিরাজগঞ্জ
www.zpsirajganj.gov.bd

স্মারক নং জেপসি/৩৪২ তারিখ ১৪.০৯.২০২৫ খ্রি.

## একবালীন শিক্ষা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে সিরাজগঞ্জ জেলার স্থায়ী নাগরিক (আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থী) যারা ২০২৩ এবং ২০২৪ সালে এইচ.এস.সি সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, মেডিকেল বিশ্ববিদ্যালয়, তথ্য ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছেন তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১. আবেদনকারীকে অবশ্যই সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

২. আবেদনকারী ছাত্র/ছাত্রীকে এসএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত হতে হবে।

৩. আবেদনপত্রের সাথে মূল মার্কশিটের ফটোকপি, সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগের প্রধান কর্তৃক সুপারিশ ও প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদ, পৌরসভা কর্তৃক নাগরিকত্ব সনদের মূলকপি এবং অভিভাবকের আয়ের উৎস ও বার্ষিক আয় বিষয়ক প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। আবেদনপত্র স্ব-হস্তে পূরণ করতে হবে। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. আবেদনপত্রের নমুনা ফরম www.zpsirajganj.gov.bd ওয়েবসাইট, জেলা পরিষদ, সিরাজগঞ্জ এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।

৫. কর্তৃপক্ষ উল্লিখিত শর্তসহ যে কোন শর্ত সংযোজন/সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৬. প্রয়োজনে বৃত্তির বিষয়ে যাবতীয় তথ্যাবলী জেলা পরিষদ, সিরাজগঞ্জ অফিস হতে জানা যাবে।

৭. আবেদন পত্র আগামী ১৪/১০/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগের প্রধান এর স্বাক্ষরসহ নিম্নস্বাক্ষরকারীর অফিসে অবশ্যই পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮. বৃত্তি প্রদানের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

১৪/০৯/২৫

(মোছাঃ আফসানা ইয়াসমিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, সিরাজগঞ্জ
zpsirajganj@lgd.gov.bd

অনুলিপি:

০১। রেজিস্ট্রার/ অধ্যক্ষ/ সুপার সিরাজগঞ্জ সরকারি কলেজ ........ এতদসঙ্গে প্রেরণ নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো

০২। সম্পাদক, দৈনিক
(আগামী ১৫/০৯/২০২৫ খ্রি. তারিখে ০১ (এক) দিনের জন্য প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৩। অফিস কপি